ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৮৯৯

মোহনপুর, ২৩ জুলাই, ২০২৫

**ফিসারী ফার্ম পরিদর্শনে মৎস্যমন্ত্রী**

আজ মোহনপুর ব্লকের বিদ্যাসাগর গ্রাম পঞ্চায়েতের সুজিত দাসের ফিসারী ফার্ম পরিদর্শন করেন মৎস্যমন্ত্রী সুধাংশু দাস। পরিদর্শনকালে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, মৎস্য দপ্তরের অধিকর্তা সন্তোষ দাস প্রমুখ।

পরিদর্শনকালে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেন, মৎস্যচাষি সুজিত দাস মৎস্য চাষ করে নিজেকে সফল ব্যক্তি হিসেবে প্রতিষ্ঠিত করেছেন। মাছ চাষ করে নিজেকে কিভাবে আর্থিকভাবে প্রতিষ্ঠিত করা যায় তার এক উজ্জ্বল দৃষ্টান্ত সুজিত দাস। তিনি এলাকার যুবক যুবতীদের কাছে প্রেরণার ব্যক্তি। তার কাছ থেকে শিক্ষা নেওয়া উচিত কিভাবে প্রতিষ্ঠিত হওয়া যায়। তিনি তাঁর সাফল্য কামনা করেন এবং মৎস্য দপ্তর থেকে প্রয়োজনীয় সুযোগ সুবিধা দেবার আশ্বাস দেন। এর পর প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বামুটিয়া ব্লকের দেবেন্দ্রনগর গ্রাম পঞ্চায়েতে সুজিত দেব-এর ছাগল খামার পরিদর্শন করেন। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অধীন ন্যাশনাল লাইভস্টক মিশন প্রকল্পে ঋণ নিয়ে সুজিত দেব এই ছাগল খামার গড়ে তুলেছেন।

*****